**বিজ্ঞাপন প্রকাশ**
শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

# এই যুগ
## EI YUG

**ADVERTISMENT**
TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS , CONTACT- 9062867921.

অনলাইন সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]
HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 15 SEPTEMBER 2024 , SUNDAY । ১৫ সেপ্টেম্বর ২০২৪ , রবিবার VOLUME । বর্ষ-4 ISSUE । সংখ্যা-398 PAGE । পৃষ্ঠা-4

## জুনিয়র চিকিৎসকদের আন্দোলন মঞ্চে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়




বেবি চক্রবর্ত্তী , এই যুগ , কলকাতা , ১৪ সেপ্টেম্বর : আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ এবং খুন। এই ঘটনার প্রতিবাদে জুনিয়র চিকিৎসকরা কর্মবিরতি পালন করছেন। গত পাঁচ দিন ধরে তাদের স্বাস্থ্য ভবনের সামনে আন্দোলন চলছে। আর এই পরিস্থিতিতে সরকারের পক্ষ থেকে আলোচনার চেষ্টা করা হলেও লাভের লাভ কিছু হয়নি। তবে কিছুক্ষণ আগেই সেই জুনিয়র চিকিৎসকদের আন্দোলন মঞ্চে পৌঁছে গিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।সেখানেই তাদের উদ্দেশ্যে বার্তা দিতে গিয়ে বড় সিদ্ধান্তের কথা জানিয়ে দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, "আমি আপনাদের জানিয়ে দিচ্ছি , আমি আরজিকর মেডিক্যাল কলেজের রোগী কল্যাণ সমিতি ভেঙে দিলাম। এমনকি রাজ্যের সমস্ত মেডিক্যাল কলেজের রোগী কল্যাণ সমিতি ভেঙে দিলাম।" স্বাভাবিকভাবেই আন্দোলন মঞ্চে এসে মুখ্যমন্ত্রীর এই ধরনের কড়া সিদ্ধান্ত রীতিমত তোলপাড় সৃষ্টি করেছে রাজ্য রাজনীতিতে বলেই মনে করছেন বিশেষজ্ঞ মহলের একাংশ।

## আরজি কর কাণ্ডে জড়িতদের কঠোর শাস্তির দাবিতে শিলিগুড়িতে মহামিছিল জাতীয় কংগ্রেসের




এই যুগ ,শিলিগুড়ি ,১৪ সেপ্টেম্বর : আর জি কর কাণ্ডে জড়িতদের কঠোর শাস্তির দাবিতে শিলিগুড়িতে মহামিছিল করলো জাতীয় কংগ্রেস। শনিবার এই মিছিলের আয়োজন করে জাতীয় কংগ্রেসের দার্জিলিং জেলা কমিটি। উপস্থিত ছিলেন জাতীয় কংগ্রেসের পশ্চিমবঙ্গ রাজ্য সভাপতি অধীর চৌধুরী। এদিনের মিছিল শুরু হয় বাঘা যতীন পার্ক থেকে। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে এয়ার ভিউ মোড়ে এসে শেষ হয়। মিছিল শেষে কংগ্রেসের রাজ্য সভাপতি অধীর চৌধুরী জুনিয়র চিকিৎসকদের ধর্না মঞ্চে মুখ্যমন্ত্রীর উপস্থিতিকে কটাক্ষ করেন। অধীর চৌধুরী বলেন তিনি প্রথম থেকেই মুখ্যমন্ত্রীকে বলে আসছিলেন আন্দোলনরত সন্তানসম জুনিয়র চিকিৎসকদের ক্ষোভ বোঝার জন্য তাদের সাথে কথা বলতে কিন্তু মুখ্যমন্ত্রী তা না করে ছল চাতুরীর আশ্রয় নিয়ে ছিলেন। শেষ পর্যন্ত আন্দোলনকারীদের সততা ও দৃঢ়তার কাছে হার মানতে বাধ্য হয়েছেন মুখ্যমন্ত্রী এই মন্তব্যও করেন অধীর চৌধুরী।

## কোচবিহার আচার্য্য ব্রজেন্দ্র নাথ শীল কলেজে নতুন প্রেক্ষাগৃহের কাজের শিলান্যাস করলেন মন্ত্রী




সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , কোচবিহার , ১৪ সেপ্টেম্বর : কোচবিহার আচার্য্য ব্রজেন্দ্র নাথ শীল কলেজ প্রাঙ্গনে একটি প্রেক্ষাগৃহ নির্মান কাজের শিলান্যাস হলো। শনিবার এই কাজের শিলান্যাস করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ সহ অধ্যাপক অধ্যাপিকাগন ও এলাকার বিশিষ্টজনেরা। মন্ত্রী উদয়ন গুহ জানান ঐতিহ্যবাহী এই প্রাচীন কলেজের নিজস্ব কোনো প্রেক্ষাগৃহ ছিলোনা।এর ফলে কলেজের বিভিন্ন সেমিনার বা অনুষ্ঠান আয়োজনে সমস্যা হতো। কলেজ কর্তৃপক্ষ একটি প্রেক্ষাগৃহ নির্মান এর আবেদন জানান। সেই আবেদনে সাড়া দিয়ে এদিন প্রেক্ষাগৃহ নির্মান কাজের শিলান্যাস করা হলো। সমস্ত কাজটি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের আর্থিক আনুকূল্য ও তত্বাবধানে হবে। প্রেক্ষাগৃহ নির্মান কাজের সূচনা হওয়ায় খুশী সকলে।

## কালিঘাটে মমতার কাছে বৈঠকে পৌঁছালেন জুনিয়র ডাক্তাররা



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৪ সেপ্টেম্বর : আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের প্রতিবাদে চলছে জুনিয়র ডাক্তারদের কর্মবিরতি। জট কাটাতে ৩৫ তম দিনে ধরনামঞ্চে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী। আন্দোলনকারী চিকিৎসকদের সব দাবিপূরণের আশ্বাস দিয়েছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের পদক্ষেপকে স্বাগত জানালেন আর জি করের নিহত চিকিৎসকের মা-বাবা। একইসঙ্গে ডাক্তারি পড়ুয়াদের আন্দোলন। এরপর সন্ধ্যায় কালীঘাটে পৌঁছলেন আন্দোলনকারী চিকিৎসকদের প্রতিনিধি দল। তবে বাসভবনে ঢোকার আগেও 'উই ওয়ান্ট জাস্টিস' স্লোগান জুনিয়র চিকিৎসকদের।অভয়া'র বিচার চেয়ে আন্দোলনের পাশাপাশি আগামী কাল অর্থাৎ রবিবার থেকে ১২ ঘন্টা করে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা পরিষেবা দেবে জুনিয়র ডাক্তাররা। শনিবার কলেজ কর্তৃপক্ষকে জানিয়ে দিয়েছেন আন্দোলনকারীরা।

## জেলার কথা

### উত্তরপ্রদেশের গাজিয়াবাদে ফলের রসের সঙ্গে মুত্র মিশিয়ে বিক্রি করার অভিযোগে গ্রেফতার দোকান মালিক

এই যুগ , উওর প্রদেশ ,১৪ সেপ্টেম্বর : উত্তরপ্রদেশের গাজিয়াবাদে ফলের রসের সঙ্গে মানুষের মুত্র মিশিয়ে বিক্রি করার অভিযোগে দোকানের মালিকসহ তার নাবালক ছেলেকে আটক করেছে স্থানীয় থানার পুলিশ। দোকানের ভেতর থেকে ইউরিন ভরা প্লাস্টিকের জারও পেয়েছে পুলিশ।

গাজিয়াবাদে ওই বাজারে ফলের রসের দোকান। সেই দোকান থেকে ফলের রস খাওয়ার পরই গ্রাহকের একাংশের সন্দেহ হয়। গ্রাহক রাই অভিযোগ তোলেন ফলের রসে মুত্র মিশিয়ে বিক্রি করছেন মালিক। তখনএকজন ব্যক্তি স্থানীয় থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগের সত্যতা অনুসন্ধান করতে গিয়ে থানার আধিকারিকরা দোকানে তল্লাশি চালিয়ে যা দেখেন তাতেই চক্ষু চরক গাছ হয় পুলিশ আধিকারিকদের। দোকানের ভেতর থেকে মুত্র ভর্তি প্লাস্টিকের যার উদ্ধার করে পুলিশ। গ্রেফতার করা হয় এবং তাঁর নাবালক ছেলেকে আটক করা হয়।এসিপি অঙ্কুর ভাস্কর জানিয়েছেন , " ধৃত দোকান মালিকের নাম আমির। সঙ্গে তার নাবালক ছেলেকে আটক করা হয়েছে আইন অনুযায়ী পদক্ষেপ করা হবে"। দোকান মালিক কে থানায় নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করা হলেও কেন তিনি মূত্র সংগ্রহ করেছিলেন তার স্পষ্ট উত্তর পাওয়া যায়নি।

# মাটির দেওয়াল চাপা পড়ে বৃদ্ধার মৃত্যু , আহত ৫



শিল্পী চার ,এই যুগ ,বাঁকুড়া ,১৪ সেপ্টেম্বর : বাঁকুড়ার কোতুলপুর থানার অন্তর্গত কোঙারপুর গ্রামে গতকাল গভীর রাতে মাটির দেওয়াল ভেঙে পড়ে এক বৃদ্ধার মৃত্যু হয়েছে এবং গুরুতর আহত হয়েছে পাঁচজন। মৃতের নাম রবি বালা সিং , বয়স প্রায় ৬০ বছর। এছাড়া একজন শিশু এবং একজন গর্ভবতী মহিলাও আহতদের মধ্যে রয়েছেন। তাদের প্রথমে কোতুলপুর গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হলেও পরে শারীরিক অবস্থার অবনতি হওয়ায় বিষ্ণুপুর সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায় , গতকাল বিকাল থেকে লাগাতার বৃষ্টির কারণে কাঁচা মাটির বাড়ি ভেঙে পড়ে। রাতের বেলা বাড়ির সকলেই ঘুমিয়ে থাকার সময় এই দুর্ঘটনা ঘটে। এলাকাবাসী ও পুলিশ মিলিতভাবে উদ্ধারকাজ চালিয়ে রাত ১টা নাগাদ তাদের হাসপাতালে নিয়ে যায় , তবে রবি বালা সিংকে মৃত ঘোষণা করা হয়।

# সাড়ে তিন কোটি টাকার ব্রাউন সুগার গুলি আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার এক



এই যুগ ,মালদহ ,১৪ সেপ্টেম্বর : মালদহ পুলিশ জেলার কালিয়াচক থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার সন্ধ্যায় অভিযান চালিয়ে থানা এলাকার বামুনতলা মালতীপুর মোড় থেকে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় তিন কেজি চারশ ছিয়াত্তর গ্রাম বাদামী রঙের ভেজা পাউডার জাতীয় বস্তু যা দেখতে ব্রাউন সুগারের মতো , একটি আগ্নেয়াস্ত্র , পাঁচ রাউন্ড গুলি ও একটি খালি ম্যাগাজিন। পুলিশ আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে ও উদ্ধার করা সামগ্রী গুলি বাজেয়াপ্ত করে। ধৃতের নাম বোদরুজ্জামান ওরফে বাদল , সে থানা এলাকার বামুনতলার বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত ব্যক্তি জিজ্ঞাসাবাদে স্বীকার করেছে যে সে ও তার সহযোগিরা যারা কালিয়াচক ও বৈষ্ণবনগর থানা এলাকার বাসিন্দা তারা মাদক কারবারে জড়িত। তারা বাইরের রাজ্য থেকে কাঁচামাল সংগ্রহ করে থানা এলাকাতেই এক সহযোগির বাড়িতে ব্রাউন সুগার তৈরি করে মালদহ সহ বিভিন্ন জেলায় বিক্রি করে। পুলিশ ধৃতের স্বীকারোক্তি থেকে নিশ্চিত হয় যে উদ্ধারকৃত ভেজা পদার্থ ব্রাউন সুগার যার বাজার মূল্য সাড়ে তিন কোটি টাকা। পুলিশ বাজেয়াপ্ত সামগ্রী সহ ধৃতকে আদালতে পেশ করে রিমান্ডের আবেদন জানিয়েছে। পুলিশ আরও জানায় মালদহ জেলা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে এবছর এপর্যন্ত ত্রিশ কোটি টাকার মাদক বাজেয়াপ্ত করেছে।

## পাচারের আগেই উদ্ধার তেরোটি গরু ,পলাতক পাচারকারীরা



এই যুগ , নকশালবাড়ি , ১৪ সেপ্টেম্বর : নকশালবাড়ি থানার পুলিশের তৎপরতায় ভেস্তে গেলো গরু পাচারের ছক। জানা গেছে নকশালবাড়ি থানার পুলিশ শুক্রবার গভীর রাতে গোপন সুত্রে খবর পায় থানা এলাকার ভগিলরাম জোত গ্রামের ভেতর দিয়ে হাটা পথে গরু পাচার হচ্ছে। খবর পেয়ে পুলিশ অভিযান শুরু করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে পাচারকারীরা গরু ফেলে রেখে পালিয়ে যাওয়ায় কাউকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। পুলিশ তেরোটি গরু উদ্ধার করে। গরুগুলিকে নকশালবাড়ি খোঁয়াড়ে রাখা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## নাজিরান দেউতিখাতা থেকে চোরাই কাঠ উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : কোচবিহার জেলার বক্সিরহাট থানার অন্তর্গত নাজিরান দেউতিখাতা এলাকা থেকে ২০ সিএফটি চোরাই সেগুন ও অন্যান্য কাঠ বাজেয়াপ্ত করল বন বিভাগ। শনিবার বন বিভাগের কুমারগ্রাম রেঞ্জের তরফে এই খবর জানানো হয়েছে। জানা গিয়েছে , গোপন সূত্রের খবরের ভিত্তিতে বন বিভাগের কুমারগ্রাম, ভল্কা ও কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জ সম্মিলিতভাবে কোচবিহার জেলার বক্সিরহাট থানার অন্তর্গত নাজিরান দেউতিখাতা এলাকায় অভিযান চালায়। অভিযানে ২০ সিএফটি চোরাই সেগুন ও অন্যান্য কাঠ বাজেয়াপ্ত করেন বনকর্মীরা। বাজেয়াপ্ত হওয়া চোরাই কাঠ গুলি বন বিভাগের কুমারগ্রাম রেঞ্জ অফিসে আনা হয়েছে। বন বিভাগের কুমারগ্রাম রেঞ্জের রেঞ্জ অফিসার রানা গুহ বলেন , 'কাঠ উদ্ধারের ঘটনায় কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আমরা ঘটনার তদন্ত শুরু করেছি।'

## মহিলাদের সতর্কতার জন্য মুখ্যমন্ত্রীর বিশেষ বার্তা



বাপন ধাঁড়া ,এই যুগ , হাওড়া ,১৪ সেপ্টেম্বর : মুখ্যমন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে পুলিশ প্রশাসনের মাধ্যমে মহিলাদের সতর্কতার জন্য নতুন সতর্ক বার্তা দিলেন মুখ্যমন্ত্রী ।হসপিটাল চত্বর থেকে শুরু করে বেসরকারি সংস্থা গুলির মধ্যেও যেসব মহিলারা চাকরি করেন তাদের পুলিশ প্রশাসনের পক্ষ থেকে সতর্কতা বার্তা দিচ্ছেন। সরকারি ও বেসরকারি কর্মী ও ডাক্তার সহ সকল মহিলা পুরুষ কর্মচারীদের বলে দেয়া হচ্ছে যেকোনো মহিলা সংক্রান্ত সমস্যায় কোনো কিছু অসুবিধা হলে সঙ্গে সঙ্গে পুলিশ প্রশাসনের হেল্পলাইন নাম্বার ১০০ কল করার জন্য । পুলিশ প্রশাসন আপনাদের পাশে আছেন ও থাকবেন সকল প্রকার পরিষেবা দেয়া হবে মহিলাদের সংক্রান্ত সমস্যার। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর বার্তা দেয়ার পরেই আজকে হাওড়া সিটি পুলিশের প্রশাসনের কর্তারা হাওড়া জেনারেল হাসপাতালে চলে আসেন ও হাওড়া হসপিটালের কর্তাদের সাথে সাক্ষাৎ করেন এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর বার্তা পৌঁছে দেন।



EiYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

ALL DESIGN & PRINT WORKS
* NEWSPAPER
* PAGE DESIGN- A3/A4/12×18
* VISITING CARD
* INVITE CARD
* FLEX
* VINYL
* PAPER LAMINATION
* BOOK DESIGN
* CARTOON DESIGN & DRAWING
* BENGALI TYPE & ENGLISH TYPE
* DIGITAL LOGO DESIGN
FOR WORK
CONTACT NO - 9062867921
EMAIL: EIYUGNEWSPAPERPUBLISHINGHOUSE@GMAIL.COM

কাগজের নৌকা

15 SEPTEMBER 2024 , রবিবার

**লেখা প্রকাশ**

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

# কলকাতার জনবহুল স্থানে আচমকা বিস্ফোরণে জখম ১




বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,কলকাতা ,১৪ সেপ্টেম্বর : শনিবার দুপুরে মধ্য কলকাতার জনবহুল এলাকায় বিস্ফোরণের ফলে একজন জখম হয়েছেন। এদিন দুপুর দুটো নাগাদ স্থানীয় তালতলা থানায় খবর আসে ব্লোচম্যান সেন্ট এবং এস এন ব্যানার্জী রোডের সংযোগ স্থল আচমকা বিস্ফোরণে কেঁপে উঠেছে। এই ঘটনায় ৫৮ বছর বয়সী বাপি দাস নামে এক ব্যক্তিকে কলকাতার এনআরএস মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তালতলা থানার ওসি খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে তিনি জানতে পারেন আহত ওই ব্যক্তিকে এনআরএস হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। তার ডান কব্জিতে আঘাত লেগেছে। ব্রোচম্যান সেন্টের প্রবেশপথে একটি প্লাস্টিকের ব্যাগ ছিল। ঘটনার পর এলাকাটি সিকিউরিটি টেপ দিয়ে ঘিরে ফেলা হয়েছে। এবং বোম্ব ডিসপোজাল স্কোয়াডকে খবর দেওয়া হলে তারা পৌঁছে ওই ব্যাগ এবং তার আশেপাশে এলাকায় তল্লাশি চালানোর পর ছাড়পত্র দিলে যান চলাচলের অনুমতি দেওয়া হয়। ৫৮ বছর বয়সী জখম বাপি দাস নামে ওই ব্যক্তির ইছাপুরে বাড়ি হলেও সম্প্রতি এস এম ব্যানার্জী রোডের ফুটপাতেই থাকতেন। এন আর এস হাসপাতালে তরফ থেকে জানানো হয় তার চিকিৎসা চলছে আরও খানিকটা সময় দিতে হবে।

## প্রহর

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ)

সকাল-বেলা চায়ের আড্ডা চললো অনেকক্ষণ ,
চায়ের কাপের পর কাপ শেষ হয়েই চলেছে ,
সবাই বকছে ,
বকবক করছে ,
সকাল থেকেই চলছে পাগলের প্রলাপ।
ভেসে আসে সংলাপ ,
অবহেলায় অবগুন্ঠনে মিথ্যাচার ,
চারিদিকে মাথা চাড়া দেয় ,
তবু যে হতে হয় ,
সত্যের সম্মুখীন ,
বেমালুম বাজিয়ে চলে ভুল সুর ,
বাজিয়ে চলে ,
তাইতো হাসির পাত্র হয় ,
থাকে না তার কোন সম্মান ,
সঠিককে বাঁচানোর অন্বেষণে ,
থাকে না তার কোন দায়।
পাহাড়-প্রতিম অভিমান ,
সব যেন বক্র-পথে বিদ্যমান ,
চলছে শুধু প্রহসন , মন মানেনা ,
কে কার দায়ভার নেয় ,
মনটাই যেন শুধুই ঠকে যায়।
চার-প্রহর শেষ যে হল হেসে ,
সন্ধ্যা নামুক অচিন-বেলা শেষে।।

* * * * * * * * *

# এক্সপ্রেস ট্রেন থেকে উদ্ধার বস্তাবন্দি ত্রিশটি কচ্ছপ



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ সেপ্টেম্বর : শনিবার দুপুরে আপ আম্বেদকর এক্সপ্রেস ট্রেনের স্লিপার কোচ থেকে আর পি এফ উদ্ধার করে বস্তাবন্দি ত্রিশটি কচ্ছপ। জানা গেছে ট্রেনটি উত্তরপ্রদেশ থেকে অসম যাচ্ছিলো। আর পি এফ গোপন সুত্রে খবর পায় ট্রেনের স্লিপার কামরায় কচ্ছপ পাচার হচ্ছে। ট্রেনটি আলিপুরদুয়ার জংশনে এসে পৌঁছালে আর পি এফ জওয়ানরা নির্দিষ্ট স্লিপার কামরায় অভিযান চালিয়ে বস্তাবন্দি ত্রিশটি কচ্ছপ উদ্ধার করে। কাউকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। অন্যান্য যাত্রীদের জিজ্ঞাসা করে আর পি এফ জওয়ানরা জানতে পেরেছে কচ্ছপ ভর্তি বস্তাটি উত্তরপ্রদেশের কোনো এক স্টেশন থেকে তোলা হয় অসমে নিয়ে যাবার উদ্দেশ্যে। আর পি এফ কচ্ছপগুলোকে বন দপ্তরের বক্সা বিভাগে হস্তান্তর করে ঘটনার তদন্ত শুরু করেছে।





দৈনিক 'এই যুগ' সংবাদপত্রে নিজস্ব ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন - 9062867921


EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।